



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/24/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

পারিবারিক সহিংসতার ঘটনাগুলো বিপজ্জনকভাবে বৃদ্ধি পাওয়ার কারণে গভর্নর কুওমো নির্যাতনের শিকার ব্যক্তিদের সাহায্য করতে এবং জীবন রক্ষার্থে সম্ভাব্য উপায়ে সাহায্য করতে পারিবারিক সহিংসতা সংক্রান্ত নতুন টেক্সট প্রোগ্রাম এবং নতুন গোপনীয় অনলাইন সেবা ঘোষণা করেছেন

পারিবারিক সহিংসতা বিভাগ জানিয়েছে যে সামগ্রিকভাবে গত বছরের তুলনায় এপ্রিল মাসে 30 শতাংশ এবং গত বছরের তুলনায় মার্চ মাসে স্টেটে এই ধরনের ঘটনা সংক্রান্ত কল 15 শতাংশ বেড়েছে

সাহায্য বা সহায়তার জন্য নিউ ইয়র্কবাসীগণ 844-997-2121 নম্বরে টেক্সট করতে পারেন বা একজন পেশাদারের সাথে কথা বলতে www.opdv.ny.gov এ নতুন গোপনীয় অনলাইন সাইটে যেতে পারেন

যেসব ভুক্তভোগী তাদের নির্যাতনকারীদের থেকে আলাদা হয়ে আছেন তাদেরকে নতুন টেক্সট প্রোগ্রাম এবং গোপনীয় অনলাইন সেবা আরও দ্রুত সাহায্য পেতে সাহায্য করবে

পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence)-এর পারিবারিক সহিংসতা বিষয়ে বিশেষজ্ঞদের মাধ্যমে টেক্সট এবং অনলাইন সেবা 24/7 সময়জুড়েই পরিচালিত হবে

পারিবারিক সহিংসতার ঘটনাগুলো বিপজ্জনকভাবে বৃদ্ধি পাওয়ার কারণে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো নির্যাতনের শিকার ব্যক্তিদের সাহায্য করতে এবং জীবন রক্ষার্থে সম্ভাব্য উপায়ে সাহায্য করতে পারিবারিক সহিংসতা সংক্রান্ত স্টেটের নতুন টেক্সট প্রোগ্রাম এবং নতুন গোপনীয় অনলাইন সেবা দ্রুত আধুনিকীকরণের ঘোষণা দিয়েছেন। চলমান COVID-19 মহামারি এবং গুরুত্বপূর্ণ সামাজিক দূরত্ব বজায় রাখা সংক্রান্ত নীতিমালার কারণে পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিবর্গ তাদের নির্যাতনকারীদের কাছ থেকে চলে যেতে না পেরে বাড়িতে বিচ্ছিন্ন থাকার সময় আরও বেশি ঝুঁকিপূর্ণ ও অনিরাপদ এবং এ স্টেটে পারিবারিক সহিংসতার সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে জানা গেছে। স্টেটের পারিবারিক সহিংসতা হটলাইনে গত বছরের তুলনায় এপ্রিলে 30 শতাংশ এবং 2020 সালের ফেব্রুয়ারি থেকে মার্চ পর্যন্ত 18 শতাংশ কল বৃদ্ধি পেয়েছে। স্টেট পুলিশও জানাচ্ছে যে গত বছরের তুলনায় মার্চে পারিবারিক সহিংসতা সংক্রান্ত ঘটনার কল 15 শতাংশ বর্ধিত ছিল।

ভুক্তভোগীদের অনেকে সাহায্য পেতে ফোন কল করছে বা তাদের উপর নির্যাতনকারী তাদের কলগুলো পর্যবেক্ষণ করার কারণে তারা সেবাগুলোতে অ্যাক্সেস করতে পারছে না। নতুন টেক্সট প্রোগ্রাম এবং গোপনীয় অনলাইন সেবার কারণে আলাদাভাবে থাকা এইসব ভুক্তভোগীদের জন্য পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিসে যোগাযোগ করা সহজ হবে এবং তাদের প্রয়োজনীয় সাহায্য তারা খুব সহজেই পেয়ে যাবে।

নিউ ইয়র্কবাসীগণ 844-997-2121 নম্বরে টেক্সট করে সাহায্য চাইতে পারেন বা www.opdv.ny.gov এ নতুন গোপনীয় ওয়েবসাইটে গিয়ে একজন পেশাদারের সঙ্গে চ্যাট করতে পারেন। পারিবারিক সহিংসতা প্রতিরোধ অফিস (Office for the Prevention of Domestic Violence, OPDV)-এর পারিবারিক সহিংসতা বিষয়ে বিশেষজ্ঞদের মাধ্যমে টেক্সট এবং অনলাইন সেবা দিনরাত 24 ঘন্টা, সপ্তাহে 7 দিনই পরিচালিত হবে।

"নিউ ইয়র্কবাসীগণ বর্তমানে একটি অকল্পনীয় চাপের মধ্য দিয়ে বসবাস করছে এবং ভুক্তভোগীরা তাদের নির্যাতনকারীদের সাথে বাড়িতে আটকে থাকার এবং তাদের প্রয়োজনীয় সাহায্যে অ্যাক্সেস করতে না পারার কারণে আমরা লক্ষ্য করছি যে পারিবারিক সহিংসতা বেড়েই চলেছে।" **গভর্নর কুওমো বলেন।** "আমরা এই সমস্যাটি সমাধানের জন্য এবং আরও রিসোর্স সরবরাহের জন্য স্টেটের সংস্থাগুলোর সাথে কাজ করছি এবং এই নতুন টেক্সট প্রোগ্রাম ও গোপনীয় অনলাইন সেবা ভুক্তভোগীদের প্রয়োজনীয় সাহায্য পেতে এবং সম্ভাব্য বিপজ্জনক পরিস্থিতি থেকে বের করে আনতে সাহায্য করবে।"

"বাস্তবতা হচ্ছে, নির্যাতনের শিকার ব্যক্তিটি তাদের নির্যাতনকারী দ্বারা সবসময়ই কঠোর নজরদারিতে থাকে," **গভর্নরের সচিব এবং দ্য নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন উইমেন অ্যান্ড গার্লস-এর সভাপতি মেলিসা ডিরোজা বলেন,** "নিউ ইয়র্কে, কাউকেই সাহায্যের জন্য তাদের প্রয়োজন জানার উপায় খুঁজে না পাওয়ার কারণে ঝুঁকির মধ্যে থাকতে হবে না। আমরা আজ যে টেক্সট এবং অনলাইন গোপনীয় সেবা প্রোগ্রাম চালু করছি তা পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের যখনই সাহায্য ও হস্তক্ষেপ প্রয়োজন হবে তখনই তাদের অতিরিক্ত এবং উন্নততর সুবিধা প্রদান করবে।"

যেহেতু NYS-এ কর্মবিরতি কার্যকর করা হয়েছে, তাই OPDV এবং স্টেটের অনেক অংশীদারী সংস্থা পাবলিক ইউটিলিটি বা ট্যাক্স/ফিন্যান্সের মতো সামাজিক মিডিয়ার অ্যাকাউন্টগুলিসহ এমন সব জায়গায় ভুক্তভোগীদের জন্য নিরাপত্তা সংক্রান্ত তথ্য রাখার কৌশল অনুসরণ করার জন্য কাজ করে যাচ্ছে যে তথ্যগুলো সহজে উপলভ্য হবে না। উপরন্তু, প্রয়োজনীয় খুচরা বিক্রেতা, যেমন-মুদি দোকান, ফার্মেসি এবং বাড়ি মেরামতের দোকান, অন্যান্য স্থানগুলোতে হটলাইন নম্বরটি বুলিয়ে দিয়ে নিরাপত্তার ক্ল্যায়ারটি ছড়িয়ে দেওয়ার বড়সড় প্রচেষ্টা শুরু হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)